দামুড়হুদায় আজাদুল আজাদকে জাগ্রত জনতার শুভেচ্ছা ক্রেস্ট প্রদান

আজাদুল ইসলাম আজাদ পুনরায় চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়াই দামুড়হুদায় জাগ্রত জনতার পক্ষ থেকে শুভেচ্ছা ক্রেস্ট প্রদান ও মিষ্টিমুখ করানো হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যা ৭টার দিকে এই বর্ষিয়ান নেতার দর্শনার নিজ বাড়িতে ক্রেস্ট প্রদান ও মিষ্টিমুখ করানো হয়। এসময় তিনি বলেন নিজ উদ্যোগে সমাজের তৃণমূল

অবহেলিত জনগোষ্ঠীর জন্য যারা কাজ করেন আমি তাদের সব সময় সঙ্গে আছি এবং থাকবো। জাগ্রত জনতার প্রতিষ্ঠাতা বিশিষ্ট সমাজসেবক জাহাঙ্গীর আলম এই ক্রেষ্ট প্রদান করেন এবং উপস্থিত সকলের মিষ্টিমুখ করান।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলার চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস। আওয়ামী লীগ নেতা ইদু, যুবলীগ নেতা ইয়া নবী, সাগর হোসেন। ছাত্রলীগ নেতা বুলবুল আহাম্মেদ, শাহিন হোসেন প্রমূখ।

দর্শনা পৌর মেয়র মতিয়ার রহামনের জানাযা সম্পন্ন

অস্ত্রপচারের দীর্ঘ ৩৩ দিনের মাথায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার ভোরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন দর্শনা পৌর আ.ল মতিয়ার রহমান (৫৮)।

মৃত্যুর দু’দিন পর গতকাল বৃহস্পতিবার সকল প্রকার আইনি জটিলতা কাটিয়ে ভারতের দিল্লী থেকে বিমানযোগে দেশে আনা হয় মতিয়ার রহমানের লাশ।

আজ শুক্রবার সকাল ১০ টায় দর্শনা কলেজ মাঠে প্রথম ও নিজ গ্রাম ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে বেলা সাড়ে ১১ টায় দ্বিতীয় নামাজের জানাযা। জানাযা শেষে গ্রামের কবরস্থানে বাবা-মায়ের কবরের পাশে দাফনকার্য সম্পন্ন করা হয়। দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত শামসুল ইসলাম ওরফে শামসুল চেয়ারম্যানের ছেলে দর্শনা ইসলাম বাজার গার্লস স্কুল পাড়ার বাসিন্দা ছিলেন মতিয়ার রহমান।

তিনি দর্শনার আ.লীগ রাজনীতি অঙ্গনে উজ্জল নক্ষত্র, সন্ত্রাসমুক্ত দর্শনার রুপকার, প্রতিবাদের কন্ঠ, অন্যায়ের বিরুদ্ধে আপোষহীন দর্শনা পৌর সভার ৪ বারের নির্বাচিত মেয়র ও দর্শনা পৌর আ.লীগের সভাপতি মতিয়ার রহমান দীর্ঘদিন লিভার জনিত রোগে ভুগছিলেন।

স্বামীকে বাঁচাতে দেহের গুরুত্বপূর্ণ অঙ্গ নিজের লিভার দিতে ইচ্ছে পোষণ করেন স্ত্রী রোজী রহমান। যেমন কথা তেমন কাজ করেই দৃষ্টান্ত স্থাপন করেছেন মেয়রের সহধর্মিনী।

সে লখ্যে গত ১০ নভেম্বর বিমানযোগে ভারতের দিল্লী যান মেয়র মতিয়ার রহমান ও স্ত্রী রোজী রহমান সহ পরিবারের কয়েকজন।

ওইদিনই ভারতের দিল্লীর এ্যাপোলো হাসপাতালে ভর্তি করা হয় মেয়র দম্পতিকে। এরপর হাসপাতালের চিকিৎসক নিরব গোয়েলের তত্ববধানে ২৪ নভেম্বর বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে রোজী রহমানের শরীরে সফল অস্ত্র পাচারের মাধ্যমে লিভার নিয়ে ওইদিনই ভারতীয় সময় সন্ধা ৭ টার দিকে দর্শনা পৌর আ.লীগের সভাপতি ও পৌর মেয়র মতিয়ার রহমানের দেহে লিভার প্রতিস্থাপন করেন। প্রায় ১৭ ঘন্টাব্যাপী সফল অস্ত্রপাচার হলেও সুস্থ হয়ে না ওঠায় তাকে সহ স্ত্রীকে ওই হাসপাতালে চিকিৎসাধীন রাখা হয়। তাদের মধ্যে মতিয়ার রহমানকে রাখা হয়েছিল নিবির পর্যবেক্ষণে। অস্ত্রপাচারের দীর্ঘ ৩৩ দিনের মাথায় মঙ্গলবার ভোর রাতে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করে পৃথিবী থেকে চিরবিদায় নেয় দর্শনা পৌর আ.লীগের সভাপতি ও পৌর মেয়র মতিয়ার রহমান (৫৮)।

দর্শনার প্রাণপুরুষ মতিয়ার রহমানের মৃত্যুর সংবাদ দর্শনায় পৌছালে নেমে আসে শোকের ছায়া। মতিয়ার রহমান ২ বোন ও ৩ পুত্র ভইয়ের মধ্যে সকলের বড় ছিলেন। দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ জানায়, আইনী জটিলতা কাটিয়ে তুলতে খানিকটা সময় লেগেছে। যে কারণে মৃত্যুর দু’দিন পর আজ বৃহস্পতিবার বিকাল সোয়া

৪ টার দিকে ভারতের দিল্লী বিমানবন্দর থেকে বাংলাদেশ বিমানযোগে মতিয়ার রহমানের লাশ আনা হবে ঢাকায়। এরপর সন্ধা ৭টার দিকে বিমানবন্দর থেকে এ্যাম্বুলেন্সযোগে লাশ আনা হবে দর্শনা ইসলাম বাজারস্থ নিজ বাসভবনে।

আজ শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা কলেজ মাঠে অনুষ্ঠিত হবে প্রথম জানাযা ও বেলা সাড়ে ১১টার দিকে তার নিজ গ্রাম ঈশ্বরচন্দ্রপুর স্কুল মাঠে দ্বিতীয় নামাজের জানাযা শেষে বাবা- মায়ের কবরের পাশেই দাফন করা হয় মতিয়ার রহমানের লাশ।

এদিকে দিল্লী থেকে বিমানযোগে বুধবার বাড়ি ফিরেছেন মতিয়ার রহমানের স্ত্রী রোজী রহমান ও ছোট মেয়ে মুন। মতিয়ার রহমানের মৃত্যুতে শোকপ্রস্তাব রয়েছে অব্যাহত।

এরই মধ্যে বুধবার দর্শনা রেল বাজারের ব্যাবসায়ীরা দিনভর সকল ধরনের ব্যাবসাপ্রতিষ্ঠান বন্ধ রেখে শোক পালন করেছে।

মেহেরপুরে জাসাসের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস) এর ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার জেলা বিএনপির কার্যালয়ে দলটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাসাসের মেহেরপুর জেলা কমিটির আহবায়ক মাহফুজুর রহমান অশেষের সভাপতি প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা এনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস গাংনী উপজেলা জাসাসের সভাপতি সাইফুল ইসলাম সেলিম, গাংনী পৌর সভাপতি সোহরাভ হোসেন, সাধারণ সম্পাদক সুলেরী আলভি, মুজিবনগর উপজেলা জাসাসের সভাপতি জুলফিকার খান হেলাল প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ।

মেহেরপুর জেলা জজ কোর্টের জিপি শাহজাহানের ইন্তেকাল

মেহেরপুর জেলা জজ কোর্টের জিপি,বুড়িপোতা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট শাহজাহান আলী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বুধবার দিবাগত রাতে কলকাতায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। বেশ কিছুদিন যাবৎ তিনি দুরারোগ্য ক্যান্সার রোগে ভুগছিলেন ।

অ্যাডভোকেট শাহজাহান আলীর স্ত্রী এক ছেলে এক মেয়ে সহ অসংখ্য গুণাগ্রহী রেখে গেছেন।

প্রকৌশলীকে লাঞ্ছিত করা কৃষক লীগ নেতার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না সংগঠন

রাজধানীর জাতীয় জাদুঘরের সামনে প্রবীণ প্রকৌশলী ম. ইনামুল হককে লাঞ্ছিত করার অভিযোগ উঠলেও ওই কৃষকলীগ নেতার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না সংগঠনটি। সংগঠনটির জেলা সম্পাদক বলেছেন, প্রকৌশলীও ভুল করেছেন, কৃষক লীগ নেতাও ভুল করেছেন। প্রকৌশলী যদি জাতীর সামনে ক্ষমা চান, তাহলে কৃষকলীগ নেতাও ক্ষমা চাইবে।

লাঞ্ছিতকারী ওই ব্যক্তি হলেন মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের কৃষক লীগের সভাপতি বানি আমিন। তিনি বেতবাড়িয়া গ্রামের মৃত আফতাব আলীর ছেলে। তার বিরুদ্ধে একটি হত্যা মামলা ছিলো। যা থেকে তিনি অব্যহতি পেয়েছেন।

লাঞ্ছিত করার ভিডিওটি ছড়িয়ে পড়লে ঘটনাটি সবার সামনে আসে। গত শনিবার রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে এই ঘটনা ঘটে।

লাঞ্ছিত হওয়া ওই ব্যক্তি হলেন সর্বজন বিপ্লবী দলের আহ্বায়ক ম. ইনামুল হক। পেশায় তিনি নদী গবেষণা ইনস্টিটিউট বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরসহ বেশ কয়েকটি সরকারি সংস্থার সাবেক মহাপরিচলক ছিলেন। তিনি জানান, প্রতি শনিবার তিনি দলের পক্ষে শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে প্রচারপত্র বিতরণসহ বিভিন্ন পথসভার আয়োজন করেন। ওই দিন আওয়ামী লীগের সম্মেলনকে কেন্দ্র করে তিনি কোনো কর্মসূচি দেননি।

এ বিষয়ে বানি আমিন এর আগে বলেছিলেন, আওয়ামী লীগের কাউন্সিলের অনুষ্ঠানে যোগ দিতে ঢাকা গিয়েছিলেন। জাদুঘরের সামনে ওই ব্যক্তি আওয়ামী লীগের সভাপতির বিরুদ্ধে বিষোদগার করছিলেন দেখে তিনি ক্ষুব্ধ হয়ে ছিলেন। বিষয়টি নিয়ে তিনি এখন লজ্জিত। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত গত মঙ্গলবার বিকাল পর্যন্ত তার ফোন বন্ধ পাওয়া যায়।

গাংনী উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান বলেন, দলীয় সভানেত্রী কটাক্ষ করে কথা বলায় বানি আমিন তা মেনে নিতে না পেরে থাপ্পড় দিয়েছেন। তবে এটা করা তার ঠিক হয়নি। তিনি কথা বলেই তার প্রতিবাদ করতে পারতেন। আমরা বানি আমিনকে বলেছি, এটা করা ঠিক হয়নি। তবে দলীয় কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি।

জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বলেন, আওয়ামী লীগের সম্মেলনের দিনে বিএনপির মত দল ঢাকাতে কোন কর্মসূচী রাখেনি। কিন্তু ওই প্রকৌশলী সম্মেলনের অদূরে প্রধানমন্ত্রীকে কটাক্ষ করে উস্কানি দিচ্ছিলেন। এ ঘটনায় বানি আমিন বয়স্ক মানুষকে থাপ্পড় মেরে ভুল করেছেন, ঠিক তেমনি তিনিও ভুল করেছেন। তিনি যদি জাতীর সামনে ক্ষমা চান, তাহলে বানি আমিনও ক্ষমা চাইবে।

দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমানের ইন্তেকাল

দর্শনার বর্ষিয়ান রাজনীতিবিদ ও পৌর আওয়ামীলীগের সভাপতি ৪ বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমান ইন্তেকাল (ইনালিল্লাহি ওয়া ইনা ইলাইহি রাজিউন) করেছেন।

আজ মঙ্গলবার ২৭ ডিসেম্বর ভোর ৫ টার দিকে দিল্লী এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্হায় ইন্তেকাল করেছেন।

গত একমাস আগে স্ত্রীর দেওয়া লিভার নিয়েও বাঁচতে পারলেন না দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমান। মৃত্যুকালে তার বয়স (৫৮) ও ২ কন্যা সন্তানের জনক মেয়র মতিয়ার রহমান। এ দিকে তার মৃত্যুতে দর্শনা সহ গাটা চুয়াডাঙ্গা জেলা জুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

তিনি দীর্ঘদিন ধরে লিভার ড্যামজ রোগে ভুগছিলেন। দীর্ঘ কয়ক বছর যাবত ভারত এবং বাংলাদশর বিভিন্ন হাসপাতাল চিকিৎসা নিয়েও তিনি কোন সুফল পায়নি। তার লিভারের প্রায় পুরাটাই মৃতপ্রায় কোষ পরিণত হয়ছিল। স্ত্রীর লিভারের ৩০ পাসেন্ট নিয়ে তার লিভারের অংশ বিশেষ ফল প্রতিস্হাপন করা হয়েছিল। একমাস আগে দিল্লির এ্যাপোলো হাসপাতালে। অপারশনের পর হতে তিনি আশংকাজনক ও অচেতন অবস্থায় আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন।

দর্শনা পৌরসভার চলতি মেয়রের দায়িত্ব পালন সহ ৪ বারের নির্বাচিত মেয়র এবং তার পিতা মরহুম শামসুল ইসলাম তৎকালীন দর্শনা ইউনিয়ন পরিষদের ৩ বারের নির্বাচিত চেয়ারম্যান হিসাব দায়িত্ব পালন করেছেন।

তার মৃত্যুতে চুয়াডাঙ্গা জেলার ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম, জেলা পরিষদর চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুরসহ অনেকেই গভীর শোক প্রকাশ করেছেন।

সেইসাথে দর্শনা পৌরসভায় ৩ দিনের শোক বার্তা জানিয়েছে প্যানেল

মেয়রসহ কর্মকর্তা – কর্মচারীরা। সেই সাথে দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান ও সাধারন সম্পাদক সাবির হোসেন মিকা ঘোষনা দেন এবং মাইকিং করে দোকান পাট বন্ধ রাখার আহব্বান জানান। শোকসমাপ্ত পরিবারর প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন বিভিন্ন মহল।

গাংনীতে মিথ্যা মামলা দিয়ে হয়রানীর প্রতিবাদে সংবাদ সম্মেলন

গাংনীর বাঁশবাড়িয়া গ্রামে ডাকাতির নাটক সাজিয়ে ষড়যন্ত্রমুলকভাবে আওয়ামীলীগ যুবলীগের নেতাকর্মীদের নামে মিথ্যা মামলা দিয়ে হয়রানীমুলক কর্মকাণ্ডের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মী ও গ্রামবাসি।

আজ মঙ্গলবার বিকেলে বাঁশবাড়িয়া বাজারে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে এ ঘটনার তীব্র প্রতিবাদ ও ষড়যন্ত্রকারীদের বিচার দাবী করা হয়।

স্থানীয় গ্রামবাসির পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন, গাংনীর ১নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাবেক সভাপতি মীর আব্দুল হামিদ। লিখিত বক্তব্যে বলা হয়, গত ২২ নভেম্বর বাঁশবাড়িয়ার দক্ষিণ পাড়ার শরীফ হুজুর চক্রান্ত করে নিজ বাড়িতে ডাকাতীর নাটক সাজিয়ে আওয়ামীলীগ ও যুবলীগ নেতাকর্মীদের বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের করেন।

এর মধ্যে একজন হোটেল ব্যবসায়ী, ছাত্র, প্রবাস ফেরত যুবক ছাড়াও বিভিন্ন শ্রেণী পেশার লোকজন রয়েছেন। অনেকেই অবস্থান করছেন ঢাকায়।

লিখিত বক্তব্যে আরো জানান, শরীফ হুজুরের বাড়িতে নিয়মিত জামায়াত শিবির ও বিএনপির গোপন বৈঠক চলে। এ ঘটনাকে ধামাচাপা দিতে তিনি এহেন মিথ্যা অভিযোগ দায়ের করেন।

এছঅড়াও মামলার তদন্তকারী সংস্থা পুলিশের তদন্ত ও গ্রেপ্তার নিয়েও নানা অভিযোগ উত্থাপন করেন। সেই সাথে মামলাটির পুনঃতদন্তের দাবী জানানো হয়।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক নিজাম উদ্দীন, গাংনী পৌরসভার সাবেক কাউনিসলর সামসুদ্দীন, মিজানুর রহমান, স্বেচ্ছা সেবকলীগের ওয়ার্ড সভাপতি আনিছুর রহমান ও স্থানীয় গণ্যমান্য ব্যাক্তি।

বিএনপি জামায়াতের নৈরাজ্য রুখতে দামুড়হুদায় ছাত্র লীগের মতবিনিময় সভা

বিএনপি জামায়াতের নৈরাজ্য রুখতে দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজ ছাত্রলীগ মতবিনিময় সভা করেছে। আজ সোমবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা ডাক বাংলা চত্বরে। আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আহ্বায়ক শাহীন মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম।

এসময় বিশেষ অতিথি ছিলেন সাবেক উপজেলা ছাত্র লীগ নেতা শেখ হাফিজুর শামসের, চুয়াডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের দফতর সম্পাদক শেখ হাতেম আলী, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের আইন বিষয়ক সম্পাদক বুলবুল আহম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ ছাত্র লীগের যুগ্ন আহ্বায়ক কাজল আহম্মেদ,দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সোহেল রানা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগ নেতা নাহিদ বিশ্বাস অনিক, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের সাবেক নেতা আনারুল ইসলাম, ছাত্রলীগ নেতা সবুজ, সাকিব, আরেফিন প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আব্দুল ওদুদ ডিগ্রি কলেজ ছাত্রলীগের

যুগ্ন আহ্বায়ক এমএ করিম।

মুজিবনগরে কেদারগঞ্জ হাটের মার্কেট উদ্বোধন

দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২ কোটি ৪ লক্ষ ৮ হাজার ৭৬৭ টাকা ব্যায়ে নির্মিত মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ হাটের জেলা পরিষদ মার্কেট ভবনের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মার্কেট ভবনের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সারা বাংলাদেশের হাট বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ হাটের মার্কেট ভবন নির্মাণ করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, আপনারা অনেক সরকারকেই দেখেছেন। বর্তমান সরকারের মত এত উন্নয়ন আর কোন সরকার করেনি। আওয়ামী লীগ সরকারের উন্নয়ন সারা বাংলাদেশের জনগণের দৌড়গোড়ায় পৌঁছে গেছে। আওয়ামী সরকার মুজিবনগর উপজেলায় ব্যাপক উন্নয়ন করেছে ।

তাই এ সরকারের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে হলে কোন গুজবে কান না দিয়ে সরকারের পক্ষে থাকুন। নৌকায় ভোট দিয়ে দেশ ও জাতির কল্যাণে কাজ করুন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর এলজিইডির নির্বাহী প্রকৌশলী সাখাওয়াত হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) লিউজা উল জান্নাহ, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আবুল

কালাম আজাদ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুবুর রহমান রবি, মোনাখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান , উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজিব।

দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২ কোটি ৪ লক্ষ ৮ হাজার ৭৬৭ টাকা ব্যায়ে নির্মিত মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ হাটের জেলা পরিষদ মার্কেট ভবনের উদ্বোধন করা হয়েছে।

গত রবিবার বিকেলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মার্কেট ভবনের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সারা বাংলাদেশের হাট বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ হাটের মার্কেট ভবন নির্মাণ করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, আপনারা অনেক সরকারকেই দেখেছেন। বর্তমান সরকারের মত এত উন্নয়ন আর কোন সরকার করেনি। আওয়ামী লীগ সরকারের উন্নয়ন সারা বাংলাদেশের জনগণের দৌড়গোড়ায় পৌঁছে গেছে। আওয়ামী সরকার মুজিবনগর উপজেলায় ব্যাপক উন্নয়ন করেছে । তাই এ সরকারের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে হলে কোন গুজবে কান না দিয়ে সরকারের পক্ষে থাকুন। নৌকায় ভোট দিয়ে দেশ ও জাতির কল্যাণে কাজ করুন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, মেহেরপুর এলজিইডির নির্বাহী প্রকৌশলী সাখাওয়াত হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) লিউজা উল জান্নাহ, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুবুর রহমান রবি, মোনাখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান , উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজিব।

কোটচাঁদপুর ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির কর্মী গ্রেফতার

ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির নেতা-কর্মীকে গ্রেফতার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

গতকাল শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে গ্রেফতার করেছেন তাদেরকে। মামলায় সংশ্লিষ্টতা ছাড়া নিরীহ মানুষকে হয়রানি করা হবে না বললেন,মামলার তদন্তকারি কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল বুধবার (০৭-১২-২২) তারিখ রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কামরুল হাসান (কাকন) বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন। যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। ওই মামলায় পুলিশ শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালান। এ সময় থানা পুলিশ ৬ বিএনপি নেতা-কর্মীকে গ্রেফতার করেন।

এরমধ্যে রয়েছে কোটচাঁদপুর পৌরসভার দুধসরা গ্রামের জয়নাল হোসেনের ছেলে কাউন্সিলর আবু হানিফ, ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,উপজেলার গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেলে মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,ইকড়ার শমসের মন্ডলের ছেলে ইব্রাহিম মন্ডল,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান, বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান বলেন,ওই মামলায় ৬ জনকে আটক করা হয়েছে। মামলায় এজাহার ভুক্ত কোন আসামি নাই। সবাই অজ্ঞাত। মামলার আসামি গ্রেফতার অভিযান চলমান রয়েছে।

তিনি আরো বলেন, মামলার সংশ্লিষ্টতা ছাড়া কোন নিরীহ মানুষকে এ

মামলায় হয়রানি করা হবে না।